

স্মারক নং: ১৮.১৫.০০০০.০৩৬.১১.০০৩.২১-৩২

তারিখ: ১৯/০১/২০২২খ্রি.



বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ

Bangladesh Land Port Authority

টিসিবি ভবন (৬ষ্ঠ তলা), কাওরান বাজার,

ঢাকা-১২১৫, ফ্যাক্স : ৫৫০১৩৮২৮

www.bsbk.gov.bd


নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষে আওতায় বিশ্বব্যাংক ও বাংলাদেশ সরকারের আর্থিক সহযোগিতায় বাস্তবায়নায়ী “Bangladesh Regional Connectivity Project-1: Development of Sheola, Bhomra, Ramgarh Land Ports and Up-gradation of Security System of Benapole Land Port” (IDA Credit No 6002-BD) শীর্ষক প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নোক্ত শূন্য পদে সরাসরি নিয়োগের নিমিত্ত প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন বাংলাদেশের প্রকৃত স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্র. নং	পদের নাম ও সাকুল্য বেতন	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	জেলা কোটা
১.	অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর সর্বসাকুল্য-১৭,৩৪৫/-	০২ (দুই)	অন্যন ২য় শ্রেণীর স্নাতক/সমমান ডিগ্রীসহ কম্পিউটার পরিচালনায় অন্যন ৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা।	সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

শর্তাবলী:

- ১। কেবল নির্ধারিত যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীগণ নির্ধারিত আবেদন ফরমে আবেদন করতে পারবেন। উক্ত ফরম বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের নিজস্ব ওয়েবসাইট www.bsbk.gov.bd হতে ডাউনলোড করা যাবে।
- ২। প্রকল্প পরিচালক, BRCP-1 প্রকল্প, বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, ঢাকা-এর অনুকূলে যেকোন তফসিলী ব্যাংক হতে ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/ডিডি/পে-অর্ডার (অফেরতযোগ্য) আবেদনের সঙ্গে সংযুক্ত করতে হবে।
- ৩। সকল ক্ষেত্রে আবেদনপত্রের খামের ডান পাশে উপরে প্রার্থীত পদ, নিজ জেলা স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে। সেই সাথে ১০.০০ টাকা মূল্যের ডাকটিকেট সম্বলিত ১১সে.মি. x ২৫সে.মি. আকারের একটি খামে আবেদনকারীর পূর্ণ ঠিকানা লিপিবদ্ধ করে আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ৪। যে সকল প্রার্থীর বয়স ০৯ ফেব্রুয়ারি ২০২২ তারিখে ১৮ বছর পূর্ণ হবে এবং ৩১ মার্চ ২০২০ তারিখে যাদের বয়স ৩০ বছর হয়েছে তারা আবেদনের যোগ্য মর্মে বিবেচিত হবেন। মুক্তিযোদ্ধা পোষ্যদের এবং প্রতিবন্ধী ব্যক্তিদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- ৫। আবেদন পত্রে প্রার্থী কর্তৃক প্রার্থীত পদের নাম, নিজের নাম, পিতার নাম, মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, জন্মতারিখ, বয়স, জাতীয়তা, ধর্ম, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ইত্যাদি উল্লেখ করতে হবে।
- ৬। আবেদনের সাথে প্রার্থীর সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজ রঞ্জিন ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদের কপি, অভিজ্ঞতার সনদের কপি, নাগরিকত্ব সনদের কপি, চারিত্রিক সনদ ও অন্যান্য সনদের কপি (যদি থাকে) ১ম শ্রেণীর গ্রেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত করে দাখিল করতে হবে।
- ৭। আবেদন ডাকযোগে/সরাসরিভাবে অবশ্যই আগামী ১০/০২/২০২২ তারিখ অফিস চলাকালীন সময়ে প্রকল্প পরিচালক, BRCP-1 প্রকল্প, বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, টিসিবি ভবন (১৩তম তলা), ১ কাওরান বাজার, ঢাকা-১২১৫ বরাবর পৌঁছাতে হবে। উল্লিখিত তারিখের পর ডাকযোগে কিংবা অন্য কোন উপায়ে প্রেরিত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- ৮। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র ও কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকুরী প্রার্থীকে তার পিতা/মাতা/পিতার পিতা/পিতার মাতা/মাতার পিতা/মাতার মাতা (প্রযোজ্য ক্ষেত্রে) এর মুক্তিযোদ্ধা সনদ যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত) এর ১ (এক) সেই সত্যায়িত কপিসহ মূল কপি এবং অন্যান্য কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত সনদের ১ (এক) সেট সত্যায়িত কপিসহ মূল কপি মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।
- ৯। প্রার্থীদের লিখিত, মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় আহ্বান করা হবে। মৌখিক পরীক্ষার সময় শিক্ষাগত যোগ্যতার সকল সনদের মূল কপি উপস্থাপন করতে হবে।
- ১০। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীগণ কেবলমাত্র “Bangladesh Regional Connectivity Project-1: Development of Sheola, Bhomra, Ramgarh Land Ports and Up-gradation of Security System of Benapole Land Port” (IDA Credit No 6002-BD) শীর্ষক প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রাপ্ত হবেন। অত্র নিয়োগ রাজস্বধাতে স্থানান্তর করার সুযোগ নেই।
- ১১। কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যেকোন দরখাস্ত গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা লিখিত/মৌখিক পরীক্ষার কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না। দরখাস্তের সাথে দাখিলকৃত কোন কাগজপত্র ফেরত দেয়া হবে না। অসম্পূর্ণ এবং ত্রুটিপূর্ণ আবেদন কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে। বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদসংখ্যা হ্রাস/বৃদ্ধি করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- ১২। নিয়োগ প্রক্রিয়ার বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১৩। প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।


২১.০১.২০২২
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)

Bangladesh Regional Connectivity Project-1

ফোন: ৫৫০১৩৭৫৭